

Semi

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
সিপিটিইউ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

তারিখঃ ০৬/০৮/২০১৭ খ্রিঃ

নং- ২১.০০.০০০০.৩৬৫.২৭.৮৮১.১৭-৩৩৯

বিষয়ঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন 'মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন' শীর্ষক প্রকল্পের
আওতায় প্রকল্পের গেইম ও এ্যাপ ডেভেলপমেন্ট প্রশিক্ষণের দাখিলকৃত কারিগরি প্রস্তাব মূল্যায়ন কমিটির সুপারিশ
পুনঃবিবেচনা/পুনঃমূল্যায়ন (Review) করার বিষয়ে বিধিগত মতামত প্রদান।

সূত্রঃ ৫৬.০০.০০০০.০২৩.১৪.১৭১.১৬-৪৫৯; তারিখঃ ০৩/০৮/২০১৭ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে
পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ মোতাবেক নিম্নলিখিত ধাপসমূহ অনুসরণ করতে
হয়ঃ

REOI এর মাধ্যমে Short Listing, Short Listing এর পর RFP Document প্রদান, মূল্যায়ন কমিটি দাখিলকৃত RFP
Document এর কারিগরি দিক মূল্যায়ন, উক্ত মূল্যায়ন শেষে কারিগরি প্রস্তাব HOPE অথবা তার মনোনীত প্রতিনিধি কর্তৃক
অনুমোদন, কারিগরি প্রস্তাব অনুমোদনের পর আর্থিক প্রস্তাব খোলা এবং মূল্যায়ন কমিটি কর্তৃক তা মূল্যায়ন করা।

০২। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর ১১৯, ১২০ ও ১২১ বিধি মোতাবেক মূল্যায়ন সম্পাদন করতে হয়। উক্ত
মূল্যায়ন শেষে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর ১২২ ও ১২৩ বিধি মোতাবেক নেগোসিয়েশন সম্পন্ন করতঃ DoFP
অনুসারে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক চুক্তিমূল্য অনুমোদন করতে হয়। বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে উল্লিখিত ধাপসমূহের
মধ্যে কারিগরি প্রস্তাব মূল্যায়ন একটি ধাপ মাত্র। এই ধাপে কোন বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের পুরো প্রক্রিয়া বাতিল করার
কোন বিধান নেই।

০৩। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-১১ অনুযায়ী ক্রয় প্রক্রিয়া শেষে মূল্যায়ন কমিটির সুপারিশ অনুকূলে
হলে শুধুমাত্র DoFP অনুযায়ী অনুমোদনকারী কর্তৃপক্ষই পুরো প্রক্রিয়া বাতিল করতে পারে। বিবেচ্য ক্ষেত্রে মূল্যায়ন কমিটি কর্তৃক
কারিগরি প্রস্তাব মূল্যায়নপূর্বক প্রস্তাবসমূহ গ্রহণযোগ্য বিবেচনায় সেগুলো অনুমোদনের জন্য HOPE বরাবর প্রেরণ করা হয়েছে। এ
পর্যায়ে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের পূর্ণ প্রক্রিয়াকে বাতিল না করে শুধুমাত্র কারিগরি প্রস্তাবসমূহের পুনঃমূল্যায়ন করা
সমীচীন। বিবেচ্য ক্ষেত্রে পরামর্শক নিয়োগ সংক্রান্ত কার্যক্রমটি কারিগরি মূল্যায়ন পর্যায়ে রয়েছে। এ পর্যায়ে সংশ্লিষ্ট অনুমোদনকারী
কর্তৃপক্ষ যৌক্তিকতাসহ প্রস্তাবসমূহের কারিগরি দিক পুনঃমূল্যায়নের নির্দেশনা প্রদান করতে পারেন।

০৪। এমতাবস্থায়, যেহেতু কারিগরি প্রস্তাব মূল্যায়ন বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয় প্রক্রিয়ার একটি ধাপ মাত্র সেহেতু
কারিগরি প্রস্তাব মূল্যায়ন পর্যায়ে দাখিলকৃত প্রস্তাবের পুনঃমূল্যায়ন করে তা উপস্থাপনের জন্য HOPE নির্দেশ প্রদান করতে পারেন।


০৬.০৮.১৭
(মোহাম্মদ সালাহ উদ্দিন)

উপ-পরিচালক

ফোন- ৯১৪৪২৫২/১১৬

সচিব

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

আইসিটি টাওয়ার (৫ম তলা)

ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা।

(দৃঃ আঃ-সিনিয়র সহকারী প্রধান, প্রোগ্রাম শাখা)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- (১) সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- (২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- (৩) অফিস কপি।